# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪৬৪

৩৪/ রক্তপণ (كتاب الديات)

পরিচ্ছেদঃ ১০. হত্যাকারী হতে কিসাস গ্রহণ করা সম্পর্কে।

باب يُقَادُ مِنَ الْقَاتِلِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ، عَنْ شُعْبَةَ، عَنْ هِشَامِ بْنِ زَيْدٍ، عَنْ جَدِّهِ، أَنَسٍ أَنَّ جَارِيَةً، كَانَ عَلَيْهَا أَوْضَاحٌ لَهَا فَرَضَخَ رَأْسَهَا يَهُودِيٌّ بِحَجَرٍ فَدَخَلَ عَلَيْهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَبِهَا رَمَقٌ فَقَالَ لَهَا " مَنْ قَتَلَكِ فُلاَنٌ قَتَلَكِ " . فَقَالَتْ لاَ . بِرَأْسِهَا . قَالَ " مَنْ قَتَلَكِ فُلاَنٌ قَتَلَكِ " . قَالَتْ لاَ . بِرَأْسِهَا . قَالَ " فُلاَنٌ قَتَلَكِ " . قَالَتْ نَعَمْ . بِرَأْسِهَا فَأَمَرَ بِهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقُتِلَ بَيْنَ حَجَرَيْنِ .

বাংলা

৪৪৬৪. উছমান ইবন আবূ শায়বা (রহঃ) .... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একটা মেয়ে অলংকারে সুসজ্জিত ছিল। তখন (অলংকারের লোভে) জনৈক ইয়াহূদী পাথর মেরে তার মাথা চূর্ণ-বিচূর্ণ করে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে মেয়েটির কাছে তখন যান যখন তার দেহে প্রাণের স্পন্দন ছিল। তিনি তাকে জিজ্ঞাসা করেনঃ কে তোমাকে মেরেছে? অমুক মেরেছে কি? তখন সে মাথা হেলিহো বলেঃ না। তিনি আবার তাকে জিজ্ঞাসা করেনঃ আচ্ছা, অমুক মেরেছে কি? তখনও সে মাথা হেলিয়ে বলেঃ না। এরপর তিনি বলেনঃ আচ্ছা, অমুক ব্যক্তি তোমাকে মেরেছে কি? তখন সে মাথা হেলিয়ে বলেঃ হ্যাঁ। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশে দু’টি পাথর দিয়ে তাকে হত্যা করা হয়।

## English

Narrated Anas:
A girl was wearing silver ornaments. A Jew crushed her head with a stone. The Messenger of Allah (ﷺ) entered upon her when she had some breath. He said to her: Who has killed you ? Had so and so killed you ? She replied: No, making a sign with her head. He again asked: Who has killed you ? Has so and so killed you ? She replied: No, making a sign with her head. He again

asked: Has so and so killed you ? She said: Yes, making sign with her head. The Messenger of Allah (ﷺ) commanded regarding him, and he was killed between two stones.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36570

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন